

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৫৯৪

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৫০. সাওয়ারীতে আরোহণকালে যে দু'আ পাঠ করবে।

باب مَا يَقُولُ الرَّجُلُ إِذَا رَكِبَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ الْهَمْدَانِيُّ، عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ، قَالَ شَهِدْتُ عَلِيًّا - رَضِيَ اللَّهُ عَنْهُ - وَأُتِيَ بِدَابَّةٍ لِيَرْكَبَهَا فَلَمَّا وَضَعَ رِجْلَهُ فِي الرِّكَابِ قَالَ بِسْمِ اللَّهِ فَلَمَّا اسْتَوَى عَلَى ظَهْرِهَا قَالَ الْحَمْدُ لِلَّهِ ثُمَّ قَالَ (سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ) ثُمَّ قَالَ الْحَمْدُ لِلَّهِ . ثَلَاثَ مَرَّاتٍ . ثُمَّ قَالَ اللَّهُ أَكْبَرُ . ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ قَالَ سُبْحَانَكَ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ . ثُمَّ ضَحِكَ فَقِيلَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ قَالَ رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ كَمَا فَعَلْتُ ثُمَّ ضَحِكَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ قَالَ " إِنْ رَبِّكَ يَعْجَبُ مِنْ عَبْدِهِ إِذَا قَالَ اغْفِرْ لِي ذُنُوبِي يَعْلَمُ أَنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ غَيْرِي " .

বাংলা

২৫৯৪. মুসাদ্দাদ আলী ইবন রাবী'আ বলেন, আলী (রাঃ) এর নিকট একটি সাওয়ারী পশু আরোহণের জন্য উপস্থিত করা হলে তিনি এর রেকাবে পা রাখতেই বললেন, "বিসমিল্লাহ্" তারপর এর পিঠে সোজা হয়ে বসে বললেন, "আল হামদুলিল্লাহ্"। এরপর তিনি এ আয়াত পাঠ করলেন, (سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ) (অর্থ) আমি ঐ মহান পবিত্র সত্তার পবিত্রতা বর্ণনা করছি যিনি এটিকে আমাদের অনুগত করে দিয়েছেন অথচ আমরা তাকে বশীভূত করার ছিলাম না, আর আমরা আমাদের প্রতিপালক আল্লাহর দিকে অবশ্যই প্রত্যাবর্তনকারী।

এরপর তিনি তিনবার "আলহামদুলিল্লাহ্" তারপর তিনবার "আল্লাহু আকবার" বললেন। তারপর তিনি বললেনঃ (سُبْحَانَكَ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ) (হে আল্লাহ) আপনার পবিত্রতা ঘোষণা করছি, আমিই আমার উপর জুলুম করেছি, আপনি আমাকে ক্ষমা করুন, আপনি ছাড়া গুনাহ ক্ষমা করার কেউ

নেই।"

এরপর তিনি হেসে উঠলেন। তাঁকে জিজ্ঞাসা করা হল, হে আমিরুল মু'মিনীন! কিসে আপনার হাসি পেল? তিনি উত্তর করলেন, আমি যেরূপ করলাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এরূপ করতে দেখেছি। তারপর তিনি হাসছিলেন।

তখন আমি তাঁকে জিজ্ঞাসা করছিলাম, ইয়া রাসূলুল্লাহ! কী কারণে আপনার হাসি পেল? তিনি উত্তরে বলছিলেন, তোমার স্রষ্টা ও প্রতিপালক আল্লাহ তা'আলা তাঁর বান্দার প্রতি বিস্ময়াবিভূত হন, যখন সে বলে, হে প্রভু! আমাকে আমার পাপরাশির জন্য ক্ষমা করে দিন আর বিশ্বাস রাখো মনে মনে যে, আমি ছাড়া অন্য কেউ তার পাশাপাশি ক্ষমা করার নেই।

English

Narrated Ali ibn AbuTalib:

Ali ibn Rabi'ah said: I was present with Ali while a beast was brought to him to ride. When he put his foot in the stirrup, he said: "In the name of Allah." Then when he sat on its back, he said: "Praise be to Allah." He then said: "Glory be to Him Who has made this subservient to us, for we had not the strength, and to our Lord do we return." He then said: "Praise be to Allah (thrice); Allah is Most Great (thrice): glory be to Thee, I have wronged myself, so forgive me, for only Thou forgivest sins." He then laughed. He was asked: At what did you laugh? He replied: I saw the Messenger of Allah (ﷺ) do as I have done, and laugh after that. I asked: Messenger of Allah, at what are you laughing? He replied: Your Lord, Most High, is pleased with His servant when he says: "Forgive me my sins." He know that no one forgives sins except Him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু রাবী'আ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34702>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন